ঝিনাইদহে সাম্প্রদায়িক অপশক্তি, সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে মানববন্ধন

‘জেগে ওঠো প্রতিরোধ করো, সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে রুখে দাঁড়াও’ এই শ্লোগানকে সামনে নিয়ে সাম্প্রদায়িক অপশক্তি, সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।
বুধবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে সম্প্রীতি বাংলাদেশ ও বাংলাদেশ গ্রাম থিয়েটার এ কর্মসূচীর আয়োজন করে। ঘন্টাব্যাপী এ মানববন্ধনে ব্যানার, ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দ, ঈমাম, পুরোহিত, পালক, শিক্ষকসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সম্প্রীতি বাংলাদেশ জেলা শাখার আহ্বায়ক এম সাইফুল মাবুদ, পূজা উদযাপন পরিষদের সহ-সভাপতি এ্যাড, কানন দাস, ভাষা সৈনিক নন্দ দুলাল সাহা, বাংলাদেশ গ্রাম থিয়েটার খুলনা বিভাগীয় সমন্বয়কারী একরামুল হক লিকু, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, শরিফা খাতুন, সাংস্কৃতিক কর্মী রাজু আহম্মেদ মিজানসহ অন্যান্যরা। এসময় বক্তারা, সাম্প্রদায়িক অপশক্তির সন্ত্রাসী হামলা, অগ্নিসংযোগ, লুটপাটসহ বিভিন্ন অপকর্মের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাড়ানোর আহ্বান জানান। সেই সাথে জড়িতদের চিহ্নিত করে আইনের আওতায় এনে কঠোর শাস্তির দাবি জানান।

কোটচাঁদপুরে সড়কে ডাকাতির ঘটনায় ৭ মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর এলাকার জাবড়েখেত পুলিশ চেক পোষ্টের কাছে ডাকাতির ঘটনায় জড়িত থাকার সন্দেহে ডাকাতি-ছিনতাই সহ ৭

মামলার আসামী মোস্তফা মালিতা ওরফে মোস্ত (৩৫) কে গ্রেফতার করা হয়েছে। সোমবার (১৮ অক্টোবর) রাতে কোটচাঁদপুর থানা পুলিশ মেইন বাজারের পায়রা চত্তর থেকে তাকে গ্রেফতার করে। পুলিশ প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে ডাকাতির ঘটনায় তার সম্পৃক্ত থাকার বিষয়টি নিশ্চিত হলে এ মামলার আসামী করে আদালতে পাঠায়।
বিষয়টি নিশ্চিত করে মামলার তদন্তকারী কর্মকর্তা মডেল থানার ওসি (তদন্ত) ইন্সপেক্টর ইমরান আলম জানান, মঙ্গলবার আদালতে আসামী মোস্তফার ৭ দিনের রিমান্ড আবেদন করা হয়। শুনানী শেষে বিজ্ঞ আদালত একদিনের রিমান্ড মঞ্জুর করেন। তাকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।
গত ৪ অক্টোবর কোটচাঁদপুর পৌর শহরের চৌগাছা সড়কের পুলিশ চেক পোষ্টের কাছে সংঘবদ্ধ ডাকাতি সংঘটিত হয়। ডাকাতরা সেই রাতে একটি ১৬০ সিসি আ্যাপাসি মোটরসাইকেল, ৪ টি মোবাইল ফোন ও নগদ অর্থ ছিনিয়ে নেয়। এসময় ডাকাতদের লাঠির আঘাতে মোটরসাইকেল আরোহী রাসেল
(২৮) আহত হন। পরে ভুক্তভোগী বাদী হয়ে অজ্ঞাত আসামী করে কোটচাঁদপুর থানায় ডাকাতি মামলা দায়ের করেন। প্রসঙ্গত কোটচাঁদপুর-চৌগাছা সড়কের জাবড়েখেত এলাকা ডাকাতির জন্য একটি নিরাপদ স্থান। এখানে একটি পুলিশ চেকপোষ্ট রয়েছে। যথাস্থানে পুলিশ প্রহরা না থাকায় প্রায়ই ডাকাতির ঘটনা ঘটে থাকে।

শৈলকুপায় ইলা মিত্রের পৈতৃক বাড়িসহ জমি আজও দখলমুক্ত হয়নি

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ছোট্ট গ্রাম রায়পুর। উপজেলা শহর থেকে পূর্ব-দক্ষিণে ১০ কিলোমিটার দূরে এগ্রামের অবস্থান। গ্রামের ভিতরে একেবারেই চলাচলের অযোগ্য কাঁচা রাস্তার পাশে চুন-সুরকি দিয়ে গাঁথা পুরনো একটি দ্বিতল বাড়ি আর এই বাড়িটি তেভাগা আন্দোলনের নেত্রী নাচোলের রানী ইলা মিত্রের পৈতৃক বাড়ি। ইতিহাসের স্বাক্ষী হয়ে আজো ইলা মিত্রের শেষ স্মৃতি বাড়িটি দাঁড়িয়ে থাকলেও তা এখন বে-দখল হয়ে গেছে । ভেঙে পড়তে শুরু করেছে

ইটের গাথুনিগুলো। চওড়া প্রাচীরের অনেক অংশ ভেঙে ফেলেছে দখলদাররা। শুধু বাড়ি নয়, দখল করা হয়েছে ইলা মিত্রের বাবা নগেন্দ্রনাথ সেন, মা মনোরমা সেন, দাদা রাজমোহন সেনের নামে রেখে যাওয়া শত শত বিঘা জমি।
ইলা মিত্রের পৈত্রিক বাড়িতে গিয়ে দেখা যায়, পুরাতন এই বাড়িতে বসবাস করছেন হাজি কিয়ামউদ্দিনের তিন সন্তান। তার ছেলে আঃ রশিদ জানান, তারা বাগুটিয়া ১১৬ নং মৌজার ২৩৪৫ দাগের জমির উপর বাড়িটিসহ ৮৪ বিঘা জমি ক্রয় করেছেন। বাবা হাজি কিয়ামউদ্দিন বহু আগে ইলা মিত্রের বাবা নগেন্দ্রনাথ সেনের শাশুড়ি সরোদিনি সেনের কাছ থেকে এই জমি ক্রয় করেন। সরোদিনি সেন কিভাবে এই জমির মালিক হলেন তা তিনি বলতে পারেন না বলে জানান।
তিনি আরো জানান, আমরা যেহেতু এই বাড়িতে বসবাস করি তাই আমাদের পুনর্বাসন করে ইলা মিত্রের পৈতিক ভিটা সংরক্ষণ করা হলে আমাদের কোন আপত্তি থাকবে না। আমরা এই বাড়ি নিয়ে অনেকবার জেলা প্রশাসক এর সাথে বসেছি কিন্তু কোন ফল পাইনি।
ইলা মিত্রের পরিবার সম্পর্কে ওই গ্রামের বাসিন্দা রফিকুল ইসলাম জানান, তারা শুনেছেন নগেন্দ্রনাথ সেন নামে এক ব্যক্তি তাদের এলাকার জমিদার ছিলেন। বাগুটিয়াসহ পাশবর্তী বেশ কয়েকটি মৌজায় জনৈক নগেন্দ্রনাথ সেন, তার স্ত্রী মনোরমা সেন,পুত্র নৃপেন্দ্রনাথ সেন নামীয় বেশ কিছু জমি ১৯৬৫ সালের ভিপি তালিকাভুক্ত হয়। এর মধ্যে পুরাতন ওই ভবনটিও রয়েছে। তাদের অঢেল জমি ছিল যা বর্তমানে এলাকার প্রভাবশালীরা দখল করে নিয়েছে। কিয়াম উদ্দিন ছাড়াও আমিনুল ইসলামের দখলে রয়েছে নগেন্দ্রনাথ সেনের সিংহভাগ জমি। তার দাবি বাড়িটি যদি ইলা মিত্রের হয় তাহলে এটি সংরক্ষণ করা জরুরি। কারণ ইলা মিত্রকে ঘিরে কৃষক বিদ্রোহের অনেক ইতিহাস রয়েছে।
শৈলকুপা উপজেলা সহকারী কমিশনার(ভূমি) পার্থ প্রতিম শীল বলেন, শুনেছিলাম প্রত্নতত্ব বিভাগ ঢাকা থেকে সংরক্ষনের জন্য চিঠি জেলা প্রশাসক বরাবরে এসেছিল কিস্তু চিঠিটা আমাদের পর্যন্ত পৌছায়নি। তারপরেও বাড়িটি সরকারের খাতায় ভিপি তালিকাভুক্ত হয়নি যার জন্য আমরা পরবর্তী পদক্ষেপ নিতে পারেনি।

জঙ্গীবাদ , ধর্মহীনদের বিরুদ্ধে ঝিনাইদহে আইনজীবীদের মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

কুমিল্লা , রংপুর , নোয়াখালীসহ দেশের বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক বন্ধন বিনষ্ট করার প্রতিবাদে জঙ্গীবাদ ও ধর্মহীনদের বিরুদ্ধে ঝিনাইদহে মানববন্ধন ও প্রতিবাদ কর্মসূচী পালিত হয়েছে।

মঙ্গলবার সকালে জেলা আইনজীবী সমিতির কার্যালয়ের সামনে এ কর্মসূচীর আয়োজন করে সরকারি আইনজীবীরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে আইনজীবী সমিতির নেতৃবৃন্দসহ সরকারি আইনজীবীরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন , পিপি এ্যাড . ইসমাইল হোসেন , জিপি এ্যাড . বিকাশ কুমার ঘোষ জেলা আইনজীবী সমিতির সভাপতি খান আখতারুজ্জামান , নারী ও শিশু পিপি বজলুর রহমান। এসময় আরও উপস্থিত ছিলেন জেলা , আইনজীবী সমিতির সাবেক সভাপতি এ্যাড . আজিজুর রহমান , সাবেক সাধারণ সম্পাদক ্এ্যাড . শেখ আব্দুল্লাহ , সাবেক সহ -সভাপতি ্এ্যাড , সাদাতুর রহমান হাদি , এ্যাড . সালমা ইয়াসমিনসহ অন্যান্যরা।

এসময় বক্তারা , দেশের বিভিন্ন স্থানে মন্দির , মন্ডপ ভাংচুর কারী ও সাম্প্রদায়িক বন্ধন বিনষ্টকারীদের চিহ্নিত করে দৃষ্টান্তমুলক শাস্তির দাবি জানান। সেই সাথে অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

ঝিনাইদহে শেখ রাসেল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে শেখ রাসেল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা। সোমবার বিকেলে শৈলকুপা উপজেলার পিড়াগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনালে মুখোমুখি হয় মাগুরার বগুড়া মাজাইল যুব সংঘ ফুটবল একাদশ বনাম ঝিনাইদহের হাটফাজিলপুর স্পোটিং ক্লাব। তীব্র উত্তেজনাপুর্ণ খেলায় করোনাকালীন সময়ে ঝিমিয়ে পড়া ক্রীড়া মোদিদের যেন উজ্জীবিত করে তোলে। হাজার হাজার দর্শক বৃষ্টি উপেক্ষা করে খেলা উপভোগ করে। জায়গা না পেয়ে গাছের ডাল ও বাঁশ ঝাড়ে ঝুলে খেলা উপভোগ করেন তারা। খেলায় বাড়তি আকর্ষণ ছিল নাইজেরিয়ান খেলোয়াড়রা। খেলার প্রথমাধে ছিল গোল শুণ্য। দ্বিতীয়ার্ধের শুরু থেকে আক্রমন পাল্টা আক্রমনের মধ্যে চলে ম্যাচ। নির্ধারিত সময় শেষ হলেও গোলশুণ্য হওয়ায় ট্রাইব্রেকারে ভাগ্য নির্ধারণ হয় ট্রফির। ট্রাইব্রেকারে ৭-৬ গোলে মাগুরার বগুড়া মাজাইল যুব সংঘ ফুটবল একাদশকে হারিয়ে শিরোপা অর্জন করে হাটফা জিলপুর স্পোটিং ক্লাব।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ও টুর্নামেন্টের আহ্বায়ক আব্দুল আওয়াল এর সভাপতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম বিশ্বাস, প্রবীন আওয়ামী লীগ নেতা মুক্তার আহম্মেদ মৃধা, পৌর আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল।

পিড়াগাতি ইউনাইটেড স্পোটিং ক্লাবের আয়োজনে শেখ রাসেলের জন্মবার্ষিকী উপলক্ষে গত ১০ সেপ্টেম্বর এ খেলার উদ্বোধন করা হয়। খেলায় ঝিনাইদহ, কুষ্টিয়া ও মাগুরা বিভিন্ন উপজেলার ১৬ টি ফুটবল দল অংশগ্রহণ করে।

কালীগঞ্জে নিখোঁজ ইজিবাইক চালকের লাশ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় ইকরামুল ইসলাম (২৮) নামে নিখোঁজ এক ইজিবাইক চালকের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার রাকড়া গ্রামের আজিজুর

রহমানের ধানক্ষেত থেকে লাশটি উদ্ধার করা হয়।

নিহত ইকরামুল ইসলাম ঝিনাইদহ সদর উপজেলার ইসলাম মণ্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, মঙ্গলবার সকালে মাঠে কাজ করতে গেলে কয়েকজন যুবক একটি লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে।

নিহত ইকরামুল ইসলামের ভাই উজ্জ্বল মণ্ডল বলেন, গত ১২ অক্টোবর রাত ৮টার দিকে তার ভাইয়ের সঙ্গে সর্বশেষ কথা হয়। এর পর থেকেই তিনি নিখোঁজ ছিলেন। অনেক স্থানে খোঁজাখুঁজি করে পাইনি ভাইকে। আজ লাশ পড়ে থাকার খবর পেয়ে এখানে এসে ভাইয়ের মরদেহ দেখতে পাই।

কালীগঞ্জ থানার ওসি (তদন্ত) মতলেবুর রহমান জানান, সকালে স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে অর্ধগলিত লাশটি উদ্ধার করা হয়েছে। অন্য কোনো স্থানে হত্যার পর লাশটি এখানে ফেলে রাখা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা ময়নাতদন্তের পর জানা যাবে।

জীবননগরে কৃষকদের আগ্রহ বেড়েছে সবজি চাষে

এ বছর জীবননগর উপজেলায় লাউ,শিমসহ বাণিজ্যিকভাবে শুরু হয়েছে বিভিন্ন ধরনের সবজি চাষ। এভাবে সবজি চাষির সংখ্যা বেড়ে যাওয়ায় সবজি অঞ্চলে পরিণত হয়েছে ।
অনেকের মতো জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রামের কৃষক আব্দুল আলিম কয়েক বছর ধরে লাউ চাষ করছেন। চাহিদা থাকায় লাউ চাষে বেশ মুনাফা অর্জন করেছেন তিনি।
চলতি মৌসুমে অন্যান্য সবজির সঙ্গে দুই বিঘা জমিতে লাউ চাষ করেছেন আব্দুল আলিম। সাড়ে তিন মাসে বিক্রির উপযোগী হয় তার লাউ। এ সময়রে মধ্যে দেড় মাস পরিচর্যা করতে হয়। আর দুই মাস ধরে চলে লাউ সংগ্রহ ও বিক্রি।
লাউ চাষে খরচ কম উল্লেখ করে চাষি আব্দুল আলিম দৈনিক মেহেরপুর

প্রতিদিনকে জানান, জমি তৈরি করে বীজ লাগানোর এক সপ্তাহের মধ্যেই চারা গজিয়ে যায়। এরপর পরিচর্যা, পানি, সার ও লাউয়ে লতা বিস্তারের জন্য মাচা দিলেই দেড় মাস পর ফুল-ফল আসা শুরু করে।
গেল দেড় মাস ধরে প্রতিদিন ৪০/৬০টি করে লাউ সংগ্রহ করে বাজারে বিক্রি করছেন তিনি। প্রতিটি লাউ ২৫/৩০ টাকা করে জমিতেই পাইকারীদের কাছে বিক্রি করছেন। লাউ বিক্রি চলবে আরো প্রায় মাস খানেক।
দুই বিঘা জমিতে লাউ চাষ করতে তার খরচ পড়েছে মাত্র ৬-৭ হাজার টাকা। এবার লাউ বিক্রি করে লক্ষাধিক টাকা মুনাফা করার আশা করছেন আব্দুল আলিম।
বর্তমানে জীবননগর উপজেলার মিনাজপুর, মুক্তারপুর, কাটাপোল, গয়েশপুর, মেদনীপুর, হরিহরনগর, বেনীপুর, এলাকার লাউ স্থানীয় বাজারের চাহিদা মিটিয়ে দখল করেছে রাজধানীর কাওরান বাজারসহ সারা দেশের সবজি বাজার। প্রতিদিন সন্ধ্যায় ট্রাকে ট্রাকে এ অঞ্চলের লাউসহ বিভিন্ন সবজি চলে যাচ্ছে রাজধানীসহ সারা দেশে। জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোছাঃ শারমিন আক্তার দৈনিক মেহেরপুর প্রতিদিন কে বলেন, কৃষি বিভাগের নির্দেশনা আর চাষিদের পরিশ্রমে চলতি মৌসুমে ।
আবহাওয়া অনুকূলে থাকায় লাউয়ের বাম্পার ফলন হেেয়েছ এবার। লাউয়ের চাহিদা থাকায় চাষিরা বেশ লাভবান হচ্ছেন। সবজি সম্প্রসারণে কৃষি বিভাগ থেকে কৃষকদের পর্যাপ্ত সুযোগ সিুবধা দেওয়া হচ্ছে।

কোটচাঁদপুরে নানা আয়োজনে শেখ রাসেল দিবস পালিত

“শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে ‘শেখ রাসেল দিবস’ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে সোমবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদ চত্তরে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। পরে পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সেমিনারে কেন্দ্রীয় মূল উদ্বোধনী ও পুরস্কার বিতরণ সম্প্রচার

করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, পুলিশ ইন্সপেক্টর আক্তারুজ্জামন লিটন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী এবং সাংবাদিক। শেষে শেখ রাসেল দিবসের কেক কাটা ও বিশেষ দোয়া এবং উপজেলা পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহে নানা আয়োজনে শেখ রাসেলের জন্মবার্ষিকী উদযাপন

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়েছে।
জেলা প্রশাসনের আয়োজনে সোমবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে তার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অপর্ণ করা হয়। প্রথমে রাষ্ট্রের পক্ষে জেলা প্রশাসন, পরে পুলিশ বিভাগ, উপজেলা প্রশাসনসহ বিভিন্ন সরকারি দপ্তরের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে জেলা শিল্পকলা একাডেমীতে আলোচনা সভার আয়োজন করা হয়। জেলা প্রশাসক মজিবর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার) আবু রাসেল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা আলোচনা সভা শেষে জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক ও চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।

অপরদিকে ‘শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে শেখ রাসেল দিবস উপলক্ষে বজ্রপাত প্রতিরোধে ঝিনাইদহে ১০০ তালচারা রোপন করা হয়েছে। জেলা কৃষি বিভাগের আয়োজনে আজ সকালে সদর উপজেলার গোবিন্দপুর গ্রামের সড়কে তালচারা রোপন করা হয়। এসময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। পরে সড়কের বিভিন্ন স্থানে তালচারা রোপন ও শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়।

ঝিনাইদহে বিএমএসএফের সাংবাদিক সুরক্ষা আইন প্রনয়নের দাবিতে স্মারক লিপি প্রদান

আজ রবিবার সকাল ১১ টায় বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরাম (বিএমএসএফ) সাংবাদিক সুরক্ষা আইন প্রনয়ন ও ১৪ দফা দাবিতে হরিনাকুন্ডু উপজেলা প্রশাসকের কার্যালয়ে স্মারক লিপি প্রদান করা হয়।
উক্ত স্মারক লিপি ইউএনও মহোদয়ের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর ১৪ দফা দাবি সন্মিলিত স্মারকলিপি প্রদান করা হয় ৷ এ সময় উপস্থিত ছিলেন হরিনাকুন্ডু প্রেসক্লাবের সুযোগ্য সভাপতি জনাব, এম.সাইফুজ্জামান তাজু ও হরিনাকুন্ডু প্রেসক্লাবের সম্মানিত সাংবাদিকবৃন্দ ৷